

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ / ০৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ১৮৫-আইন/২০১১/৬০৮-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১০ জুন, ২০১০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২১৩-আইন/২০১০/৫৬২-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের -

- (ক) প্রারম্ভের ষষ্ঠ লাইনে উল্লিখিত “স্থানীয় উৎপাদন পর্যায়ে” শব্দগুলির পর “এবং রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে” শব্দগুলি সন্নিবেশিত হইবে;
- (খ) শর্তাবলীর (ঙ) অনুচ্ছেদের শেষাংশে উল্লিখিত “উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে অনুমোদন গ্রহণ করিতে হইবে” শব্দগুলির পর “এবং ন্যূনতম ৩০(ত্রিশ) শতাংশ মূল্য সংযোজন (Value addition) করিতে হইবে ও ন্যূনতম ১০(দশ) শতাংশ যন্ত্রাংশ স্থানীয় পর্যায়ে উৎপাদন করিতে হইবে” শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি সংযোজিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ ড. নাসিরউদ্দীন আহমেদ ]

সচিব